

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০২১

পানিসাগর, ০৬ ডিসেম্বর, ২০১৭।

পানিসাগরে বিশ্ব মৃত্তিকা দিবসে আলোচনা সভা

কৃষি বিজ্ঞান কেন্দ্র, পানিসাগর এবং কৃষি দপ্তরের উদ্যোগে গতকাল পানিসাগরে ‘বিশ্ব মৃত্তিকা দিবস’ উদযাপন উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পানিসাগর মহকুমার দেওছড়া কমিউনিটি হলে আয়োজিত এই আলোচনা সভার উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি প্রতিমা দাস। আলোচনা সভার উদ্বোধন করে জিলা পরিষদের সভাপতি প্রতিমা দাস বলেন, মাটির উর্বরতা বাড়াতে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদের গুরুত্ব অপরিসীম। আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন পানিসাগরের কৃষি বিজ্ঞান কেন্দ্রের আধিকারিক অভিজিৎ দেবনাথ। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক সুবোধ দাস, পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীতল দাস, কৃষি দপ্তরের উত্তর ত্রিপুরা জেলা কার্যালয়ের উপ-অধিকর্তা তপন আচার্য প্রমুখ। আলোচনা সভায় কৃষি বিশেষজ্ঞ রণবীর শর্মা মাটির উর্বরতা বৃদ্ধি, ফসলের উৎপাদন বৃদ্ধি নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠান শেষে ২০ জন কৃষককে সয়েল হেলথ কার্ড দেওয়া হয়।
